



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৫৯


তারিখঃ ৩১/০১/২০১৭ খ্রিঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি
উপজেলাঃ সদর জেলাঃ নড়াইল

বিষয়ঃ প্রকল্পের হিসাব সহকারী জনাব এম এ বারি'র কার্যক্রম মূল্যায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় হিসাব সহকারী হিসেবে জনাব এম এ বারি আপনার উপজেলায় কর্মরত আছেন। কিন্তু প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক পরিলক্ষিত হয়েছে যে, তিনি দীর্ঘদিন হিসাব সহকারীর দায়িত্ব পালন করলেও হিসাব সংক্রান্ত কার্যাদি পরিচালনায় পারদর্শী নন এবং ৬/৭ বার প্রশিক্ষণ প্রদান সত্ত্বেও তিনি প্রকল্পের অনলাইন সফটওয়্যার পরিচালনায় অদক্ষ।

এমতাবস্থায়, প্রকল্পের হিসাব সহকারী জনাব এম এ বারি'র দায়িত্ব পালনে সক্ষমতা মূল্যায়ন পূর্বক প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মেহদীউল রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ সদর জেলাঃ নড়াইল।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ সদর জেলাঃ নড়াইল।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নড়াইল।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।